

তারিখ ২৬/১১/৬১
পৃষ্ঠা... ..

ডিসেম্বর আদমশুমারির দ্বিতীয় পর্বের জরিপ

সারা দেশে আগামী ১লা
ডিসেম্বর থেকে ১৯৮১ সালের
আদমশুমারির দ্বিতীয় পর্বে
নমুনা জরিপ শুরু হবে।

সমরণ করা যেতে পারে যে
গত মার্চ মাসে সারা দেশে
আদমশুমারি করা হয় এবং জুন
মাসে এই আদমশুমারির প্রাথমিক
কলাফলও প্রকাশ করা হয়।

পূর্ব প্রস্তুতি অনুসারে দেশের
আদমশুমারি দু'পর্যায়ে গ্রহণ
করার কথা। প্রথম পর্যায়ে একটি
ছোট ও সহজ প্রশ্নপত্র পূরণের
মাধ্যমে দেশের শতকরা ১০০ ভাগ
লোককে গণনা করা হয়েছে এবং
দ্বিতীয় পর্যায়ে একটি দীর্ঘ (বহু
প্রশ্নসম্বলিত) প্রশ্নপত্র পূরণের
মাধ্যমে কেবল মাত্র নমুনার
ভিত্তিতে বাছাইকৃত গৃহে জরিপ
চালানো হবে। নমুনা জরিপের
প্রশ্নপত্রটিতে গৃহ ব্যক্তিগত সামা-
জিক, আর্থিক এবং জনতত্ত্ব সম-
্বন্ধীয় বৈশিষ্ট্যগুলির উপর বিস্তারিত
তথ্য সংগ্রহের জন্য প্রশ্ন
সংগ্রহ করা হয়েছে।

দ্বিতীয় পর্বের জরিপ কাজ
দু'মাসব্যাপী চলবে এবং তাতে
দেশের সবগুলি জেলা, শহর ও
গ্রাম মিলিয়ে প্রায় ১০০,০০০
খানা অন্তর্ভুক্ত হবে। বাংলাদেশ
পরিসংখ্যান ব্যুরো ৭০০ জন পর্জন-
কারী ও ১০০ জন সুপারভাইজার
ফিল্ড কাজে নিয়োজিত করে-
ছেন। জরিপ গণনা কাজ ৩১শে
জানুয়ারী ১৯৮২-এর মধ্যে শেষ
হবে। খবর তথ্য বিবরণীর।